দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 JUN 2016
পৃষ্ঠা ৬ কলাম ১




নেত্রকোনা: নেত্রকোনায় 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়' অনুমোদন করায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আনন্দ র‍্যালি —ইত্তেফাক

# নেত্রকোনায় শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার খবরে আনন্দ মিছিল

■ নেত্রকোনা প্রতিনিধি

নেত্রকোনায় 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়' নামে একটি বিশেষায়িত পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে গত শুক্রবার বিকালে নেত্রকোনায় আনন্দ মিছিল বের করা হয়। যুব ও ক্রীড়া উপমন্ত্রী ও নেত্রকোনা সদরের এমপি আরিফ খান জয়ের নেতৃত্বে আনন্দ মিছিলে সর্বস্তরের লোকজন অংশ গ্রহণ করে। আনন্দ মিছিল শেষে বক্তব্য রাখেন যুব ও ক্রীড়া উপমন্ত্রী ও নেত্রকোনা সদরের এমপি আরিফ খান জয়, সাইফ খান বিপ্লব প্রমুখ।

উল্লেখ্য, নেত্রকোনার জনগণের দাবির প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নেত্রকোনায় একটি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার অনুমোদন দিয়েছেন। নেত্রকোনা জেলা প্রশাসক ড. মো. মুশফিকুর রহমান বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়টি স্থানীয় সাংবাদিকদের অবহিত করেন।